# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৭

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ সদ্য MBA পাস করা সাত বন্ধু কোম্পানি গঠনের জন্য আইন উপদেষ্টার নিকট কোম্পানি গঠনের আগ্রহ জানালেন ও করণীয় সম্পর্কে নির্দেশনা চাইলে উপদেষ্টা জানালেন, তারা যে কোম্পানি গঠন করতে যাচ্ছে তার জন্য কার্যারম্ভের অনুমতি সংগ্রহ করতে হবে না। তবে দু'টি গুরুত্বপূর্ণ দলিল তৈরি করতে হবে এবং কিছুটা সময় লাগবে। বন্ধুরা সব শুনে সমঝোতার ভিত্তিতে আইনের আনুষ্ঠানিকতার বাইরেই একটি প্রতিষ্ঠান গড়লেন।

ক. পাবলিক লিমিটেড কোম্পানি কী? ১

খ. ঋণপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সাত বন্ধু মিলে কোন ধরনের কোম্পানি গঠন করতে চেয়েছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সাত বন্ধুর নতুন প্রতিষ্ঠান গড়ার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২.▶ দীর্ঘদিন ধরে মেঘনা নদীর তীরবর্তী ২০ জন প্রান্তিক চাষি নিজেদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাওয়ার নিমিত্তে সংঘবদ্ধ হয়ে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। এ প্রতিষ্ঠানের মাধ্যমে তারা প্রয়োজনীয় সরঞ্জামাদি সংগ্রহ, উৎপাদন ও বাজারজাতকরণ কার্যক্রম গ্রহণের মাধ্যমে নিজেদের মুনাফার পরিমাণ বাড়াতে সমর্থ হয়েছেন। কিন্তু ইদানীং তারা সংগঠনটি অগ্রগতির বিষয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে একমত হয়ে না পারায় প্রতিষ্ঠানের অগ্রগতি ব্যাহত হচ্ছে।

ক. বহুমুখী সমবায় সমিতি কী? ১

খ. 'একতাই বল' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত চাষিগণ কোন সমবায় সমিতি গঠন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে কোন নীতির অভাবে চাষিদের সমিতির অগ্রগতি ব্যাহত হচ্ছে? বিশ্লেষণ করো। ৪

৩.▶ জনগণকে মুঠোফোনের সুবিধা প্রদানের লক্ষ্যে রাষ্ট্রপতির আদেশবলে ও সংসদের মাধ্যমে আইন পাস করে 'ইজিটক' নামে একটি প্রতিষ্ঠান গঠন করা হয়। প্রতিষ্ঠানটির নীতিমালায় উল্লেখ করা হয় এটি একটি মন্ত্রণালয়ের অধীনে থাকবে এবং যেকোনো বিষয়ে সংসদে জবাবদিহি করবে। 'ইজিটক' প্রতিষ্ঠানটি সিদ্ধান্ত গ্রহণ করে প্রতিষ্ঠান হতে যে মুনাফা অর্জিত হবে তা সরকারি কোষাগারে জমা হবে।

https://teachingbd24.com

ক. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. সরকারি-বেসরকারি অংশীদারিত্বভিত্তিক ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. 'ইজিটক' প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? বর্ণনা করো। ৩

ঘ. 'ইজিটক' প্রতিষ্ঠানটি গঠন করার যৌক্তিকতা তুলে ধরো। ৪

**৪.** ▶ শফিকুল ইসলাম উচ্চ মাধ্যমিক পর্যায়ের কয়েকটি বই রচনা করে ইতোমধ্যেই বেশ সুনাম অর্জন করেছেন। কয়েক বছর যাবৎ সাফল্যের সাথে ব্যবসায় পরিচালনাও করেন। অন্য একটি প্রকাশনী তার দুটো বই প্রায় হুবহু নকল করে বাজারে ছাড়ার ফলে তার বইয়ের চাহিদা হ্রাস পায়। পূর্ব থেকে আইনগত ব্যবস্থা গ্রহণ না করায় শফিকুল ইসলাম কোনো প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি।

ক. পেটেন্ট কী? ১

খ. ট্রেডমার্ক নিবন্ধনের প্রধান সুবিধা কী? ব্যাখ্যা করো। ২

গ. শফিকুল ইসলামের রচিত বইগুলো কোন ধরনের সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. নকল প্রতিরোধে শফিকুল ইসলাম কীভাবে প্রতিকার পেতে পারেন বলে তুমি মনে করো? যুক্তিসহ সুপারিশ করো। ৪

**৫.** ▶ মি. বাদল দেশের প্রতিষ্ঠিত একটি চামড়া শিল্পের মালিক। তিনি পৃথিবীর বিভিন্ন দেশে চামড়াজাত পণ্য রপ্তানি করতে চান। এ জন্য তিনি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে চামড়াজাত পণ্যের নাম ও ডিজাইন বিষয়ে সহায়তা নিয়েছেন। তবে প্রতিষ্ঠানটি সফল রপ্তানিকারকদের 'প্রেসিডেন্ট রপ্তানি পুরস্কার ট্রফি ও সনদ' প্রদান করে থাকে।

ক. "BGMEA" কত সালে গঠিত হয়েছিল? ১

খ. "সাপটা" বলতে কী বোঝায়? ২

গ. মি. বাদলকে কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানটি সহায়তা করেছিল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির "প্রেসিডেন্ট রপ্তানি পুরস্কার" ট্রফি প্রদানের কী যৌক্তিকতা রয়েছে? ব্যাখ্যা করো। ৪

**৬.** ▶ ২০১৩ সালে ABC ব্যাংক লিমিটেড নামক ব্যাংকটি বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম চালু করে। গ্রাহকদের সুবিধা বিবেচনায় ব্যাংকটি নির্দিষ্ট ওয়েবসাইট দ্বারা ব্যাংকিং সুবিধা প্রদান করে। এক্ষেত্রে ব্যাংকটি গ্রাহকদের কম্পিউটার ও ইন্টারনেটের দ্বারা অর্থ লেনদেনসহ যাবতীয় আর্থিক বিষয়ে কার্যাবলি সম্পাদন করছে। সময় ও নিরাপত্তা বিবেচনায় গ্রাহকদের কাছে ব্যাংকটি দ্রুতই জনপ্রিয় হয়ে ওঠেছে। তাই ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নতুন একটি ধারণা প্রবর্তন করলেন যাতে গ্রাহকরা ব্যাংকে না গিয়ে ব্যবহৃত যন্ত্রের মাধ্যমেই তাদের লেনদেন করতে পারবে।

https://teachingbd24.com

ক. নৈতিকতা কী? ১

খ. "উদ্যোক্তাকে ঝুঁকি নেওয়ার মানসিকতা থাকতে হয়"-উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ABC ব্যাংক লিমিটেড কোন ধরনের ব্যাংকিং-এর সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিরাপত্তা বিবেচনায় ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালকের নতুন ব্যাংকিং ধারণাটি কী? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**৭.▶** নিজের পায়ে দাঁড়ানোর স্বপ্ন নিয়ে জুলেখা শহরে এসে গার্মেন্টসে কাজ নেয়, কিন্তু জুলেখার গ্রামে ব্যাংক ও পোস্ট অফিস না থাকায় টাকা পাঠানো কঠিন হয়ে পড়ে। অথচ তাঁর কারখানার শামীম সাহেব গার্মেন্টসের নিচে অবস্থিত একটি ব্যাংকের অনুমোদিত বুথ থেকে কার্ডের মাধ্যমে মুহূর্তে তার অ্যাকাউন্ট থেকে বেতনের টাকা তুলতে পারেন। সম্প্রতি তার গ্রামটি মোবাইল নেটওয়ার্কের আওতায় এসেছে। এতে জুলেখা তার সমস্যা সমাধানের ব্যাপারে আশাবাদী।

ক. অনলাইন ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. শামীম সাহেবের ব্যবহৃত কার্ডটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো জুলেখার গ্রামে সম্প্রসারিত মোবাইল নেটওয়ার্কের সাহায্যে সমস্যার সমাধান সম্ভব? যুক্তিসহ মতামত দাও। ৪

**৮.▶** বুড়িগঙ্গা নদী রক্ষার জন্য নদীর আশেপাশে অবস্থিত বিভিন্ন কারখানার মালিকরা একত্রিত হয়ে নদী সংরক্ষণে একটি সমিতি গঠন করেন। সমিতির নিয়ম অনুযায়ী কোনো কারখানার মালিক বুড়িগঙ্গা নদীতে বর্জ্য ফেলতে পারবে না এবং ক্ষতিকারক পণ্য সামগ্রী উৎপাদন করতে পারবে না। যদি কেউ বুড়িগঙ্গা নদীতে বর্জ্য ফেলে এবং ক্ষতিকারক পণ্য উৎপাদন করে তাহলে ১০ লক্ষ টাকা জরিমানা দিতে হবে। কয়েকদিন পরে দেখা গেল AB প্রতিষ্ঠানটি সমিতির সদস্য হওয়া সত্ত্বেও ক্ষতিকর দ্রব্য উৎপাদন ও বিক্রয় করছে। তাই সমিতির নিয়ম অনুসারে ঐ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নিল।

ক. মূল্যবোধ কী? ১

খ. পরিবেশ দূষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায় প্রতিষ্ঠানে ব্যবসায়ের কোন বিষয়টির অভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উক্ত সমিতি বুড়িগঙ্গা রক্ষায় ভূমিকা রাখবে? মতামত দাও। ৪

**৯.▶** মি. সুমন হাবীব বিদেশ থেকে ফিরে ব্যবসায় করবে ভাবলেন। প্রথমে ভাবলেন কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেমের ওপর কিছু একটা করবেন। কিন্তু দক্ষ জনশক্তি, বাজার, মূলধন ইত্যাদি বিষয়ে অনিশ্চয়তা ভেবে পরবর্তীতে দেশের মানুষের ইতিহাস ও

https://teachingbd24.com

ঐতিহ্যের সাথে মিলিয়ে কোনো একটা ব্যবসায় দাঁড় করানোর চিন্তা করলেন। তিনি একটা ফ্যাশন হাউজ গড়ে তুললেন। যেখানে পুরনো ঐতিহ্যের সাথে নতুন চিন্তার সমন্বয় ঘটিয়ে নিত্য-নতুন ডিজাইনের পোষাক বাজারে নিয়ে আসলেন। সবাই তার এ কাজের সমাদর করছে।

ক. পরিবেশ কী? ১

খ. প্রযুক্তিগত পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. মি. সুমন কোন ধরনের পরিবেশের নেতিবাচক প্রভাব দেখে পিছিয়ে এসেছিলেন ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সুমনের পরবর্তী চিন্তায় যে পরিবেশ প্রভাব রেখেছে তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১০.▶ অর্থের অভাবে উচ্চ মাধ্যমিক পাস করার পর শিমুলের পড়াশুনা বন্ধ হয়ে যায়। সে অল্প কিছু জমানো টাকা নিয়ে বাজারে মৌসুমি ফলের ব্যবসায় শুরু করে। গত বছর রমজান মাসে সে ফল বিক্রি বন্ধ করে ইফতার সামগ্রী এবং ঈদের এক সপ্তাহ পূর্বে সে আবার ইফতার সামগ্রী বাদ দিয়ে পাঞ্জাবি টুপি ইত্যাদি বিক্রি করে। এতে সে আশাতীত সাফল্য পায়। শিমুল ঠিক করেছে এখন থেকে সে সময়োপযোগী পণ্যের বেচাকেনা করবে।

ক. একমালিকানা ব্যবসায় কাকে বলে? ১

খ. আচরণে অনুমতি অংশীদার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের শিমুলের কাজের মাধ্যমে একমালিকানা ব্যবসায়ের সুবিধার প্রধান কোন দিকটি ফুটে ওঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শিমুলের উপলব্ধিকে তুমি কি যথার্থ মনে করো? যুক্তি দাও। ৪

১১.▶ মি. আবির একজন চার্টার্ড এ্যাকাউন্টেন্ট। তিনি তার বন্ধু শিমুলসহ আরো ১৮ জন বন্ধু নিয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। তারা ৫০ কোটি টাকা মূলধন সরবরাহ করে। তবে মি. আবির বলেন যে, তিনি ব্যবসায় পরিচালনায় অংশ নিতে পারবেন না এবং বিনিয়োগের অতিরিক্ত দায় নিবেন না। তবে বছর শেষে প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষা করে দিবেন। সর্বসম্মতিক্রমে শিমুলকে প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব দেওয়া হয়। ৪ বৎসর পর মি. আবিরের মৃত্যু ঘটলেও শিমুল সফলতার সঙ্গে প্রতিষ্ঠানটি চালাচ্ছিলেন। পরবর্তীতে একজন প্রভাবশালী দেনাদার ৪০,০০০ টাকা না দেওয়ায় শিমুল আইনের আশ্রয় নিয়ে তা আদায় করতে সমর্থ হন।

ক. অংশীদারি ব্যবসায় কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের বাধ্যতামূলক বিলোপসাধন করতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারি ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে কী কারণে শিমুলের পক্ষে আইনের আশ্রয় নেওয়া সম্ভব হয়েছিল? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. নীতিবোধ মূলত কিসের ওপর প্রতিষ্ঠিত?
ক) মানুষের মনোভাবের
খ) সত্য ও ন্যায়ের
গ) মানুষের আচরণের
ঘ) সামাজিক সংস্কৃতির

২. কোনটি বিনিয়োগ উদ্যোক্তার জন্য অনুপ্রেরণামূলক হতে পারে?
ক) শ্রম নীতি খ) কর নীতি
গ) রাজস্ব নীতি ঘ) শিল্প নীতি

৩. রুবেল সাহেব একজন উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তা। কাজের চাপে নিত্যপ্রয়োজনীয় কিছু পণ্য ঘরে বসে পাওয়ার জন্য ডেবিট ও ক্রেডিট কার্ডের মাধ্যমে পণ্যের মূল্য পরিশোধ করলেন। এখানে তিনি কী পদ্ধতিতে পণ্য ক্রয় করেন?
ক) ই-মার্কেটিং খ) ই-রিটেইলিং
গ) ই-ব্যাংকিং ঘ) ই-কমার্স

৪. যোগাযোগ প্রযুক্তির একমাত্র সংশ্লিষ্ট মাধ্যম কোনটি?
ক) সফটওয়্যার খ) হার্ডওয়্যার
গ) মডেম ঘ) কম্পিউটার

৫. একটি ব্যবসায়ীর জন্য গুণগত ও মানসম্মত পণ্য সামগ্রী উৎপাদন করা কোনটির বহিঃপ্রকাশ?
ক) দেশাত্মবোধ খ) সুনাম
গ) নৈতিকতার ঘ) আস্থার

৬. ব্যবসায়ে বিনিয়োগের ঝুঁকি কে বহন করে?
ক) উদ্যোক্তা খ) ব্যবস্থাপক
গ) বিমাকারী ঘ) সরকার

৭. কপিরাইট নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে কার কাছে আবেদন করতে হবে?
ক) নিয়ন্ত্রকের খ) উকিলের
গ) ব্যাংকারের ঘ) নিবন্ধকের

৮. নতুন পণ্যের বাজার সৃষ্টি ও বণ্টনে একমালিকানা ব্যবসায় গুরুত্বপূর্ণ কেন?
ক) বিক্রয় বৃদ্ধির জন্য
খ) ভোক্তার সাথে প্রত্যক্ষ সম্পর্কের জন্য
গ) অধিক মুনাফার জন্য
ঘ) দক্ষ বণ্টন ব্যবস্থার জন্য

৯. নৈতিক চরিত্র গঠনে কোন প্রতিষ্ঠানের ভূমিকা বেশি?
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) সমবায় ঘ) কোম্পানি সংগঠন

১০. অংশীদারিত্বের ভিত্তিতে ব্যাংকিং ব্যবসায়ে সর্বোচ্চ সদস্য কতজন?
ক) ১০ জন খ) ২০ জন
গ) ৫০ জন ঘ) ৭ জন

১১. ব্যবসায়ের মাধ্যমে যা করা হয় তা হলো—
i. জীবনযাত্রার মান উন্নত হয়
ii. কুসংস্কার দূর হয়
iii. আর্থিক অসচ্ছলতা দূর হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১২. রাষ্ট্রীয় ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র কোনটি?
ক) ক্ষুদ্র শিল্প
খ) তৈরি পোশাক শিল্প
গ) জনস্বার্থ সম্পৃক্ত প্রতিষ্ঠান
ঘ) লাভজনক বিনিয়োগ ক্ষেত্র

১৩. অংশীদারি কারবারে কে অংশীদার হবার যোগ্য?
ক) সরকারি কর্মকর্তা খ) রাষ্ট্রপতি
গ) গৃহিণী ঘ) বিদেশি নাগরিক

১৪. কোম্পানি সংগঠনের মূল দলিল কোনটি?
ক) বিবরণপত্র খ) স্মারকলিপি
গ) নিবন্ধনপত্র ঘ) পরিমেল নিয়মাবলি

১৫. সর্বপ্রথম GATT প্রতিষ্ঠিত হয় কোন রাষ্ট্রে?
ক) কিউবা খ) জাপান
গ) থাইল্যান্ড ঘ) আমেরিকা

১৬. কোম্পানির নিরীক্ষিত হিসাব বিবরণী কার নিকট দাখিল করা বাধ্যতামূলক?
ক) পরিচালক খ) অর্থ মন্ত্রণালয়
গ) নিবন্ধক ঘ) ব্যাংক

Teachingbd24.com

https://teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

রনি ঢাকার মৌচাক মার্কেটে অলংকারের দোকান প্রতিষ্ঠা করেন। ক্রেতাদের চাহিদা মোতাবেক অলংকার সরবরাহ করতে না পারায় সোহেল ও সাকিব নামে দুই বন্ধুর সাথে আলোচনা সাপেক্ষে মূলধন সরবরাহ করেন। সাকিব উক্ত প্রতিষ্ঠানের সরবরাহকৃত ১৫ হাজার টাকা পর্যন্ত দায় গ্রহণ করতে সম্মত হয়।

**১৭. রনির ব্যবসায়টি কোন ধরনের?**

ক) যৌথ উদ্যোগ খ) সমবায়
গ) একমালিকানা ঘ) অংশীদারি

**১৮. সাকিব কোন ধরনের অংশীদার?**

ক) সাধারণ খ) নামমাত্র
গ) সীমাবদ্ধ ঘ) ঘুমন্ত

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**

লাভ-ক্ষতি মূলধন অনুপাতে বণ্টন করা হবে। এই শর্তে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে শফিক, আবিদ ও মিহির তিন বন্ধু মিলে ব্যবসায় শুরু করে। বছরের শুরুতে তাদের মূলধন ছিল ৫০,০০০, ৭০,০০ এবং ১,০০,০০ টাকা।

**১৯. উদ্দীপকের উল্লিখিত ব্যবসায়টি কোন ধরনের সংগঠন?**

ক) একমালিকানা খ) অংশীদারি
গ) সমবায় ঘ) রাষ্ট্রীয়

**২০. উক্ত ব্যবসায়ে মুনাফার পরিমাণ ৪৪ হাজার টাকা হলে মিহিরের প্রাপ্য মুনাফা কত?**

ক) ৫,০০০ টাকা খ) ৭,০০০ টাকা
গ) ১০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

**২১. পণ্য ও সেবার বাজারজাতকরণ কোন ধরনের সহায়ক সেবা?**

ক) সমর্থনমূলক সহায়ক
খ) সংরক্ষণমূলক
গ) সরকারি
ঘ) উদ্দীপনামূলক

**২২. বৈদেশিক বাণিজ্য কয় ধরনের?**

ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**

সুরমা নদীর পাড়ের জেলেরা ব্যক্তিগতভাবে নদীতে মাছ ধরে এবং স্থানীয় আড়তদারদের কাছে বিক্রি করে। কিন্তু এতে তারা ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হয়।

**২৩. জেলেরা কোন ধরনের সংগঠন গঠন করে ন্যায্যমূল্য পেতে পারে?**

ক) ক্রয় খ) বিক্রয়
গ) ভোক্তা ঘ) বহুমুখী

**২৪. উদ্দীপকে বর্ণিত জেলেরা তাদের সমিতি থেকে যে সুবিধা পেতে পারে—**

i. জীবনযাত্রার মান উন্নয়ন
ii. সঞ্চয় বৃদ্ধি
iii. ভোগ ব্যয় বৃদ্ধি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৫. কোনটি না পেলে প্রাইভেট লি. কোম্পানি ব্যবসায় কার্যক্রম শুরু করতে পারে না?**

ক) নিবন্ধনপত্র
খ) কার্যারম্ভের অনুমতিপত্র
গ) প্রত্যয়নপত্র
ঘ) বিবরণপত্র

**২৬. 'জনসংখ্যা' কোন পরিবেশের উপাদান?**

ক) সামাজিক খ) অর্থনৈতিক
গ) রাজনৈতিক ঘ) প্রাকৃতিক

**২৭. AESAN-এর বর্তমান সদস্য কত?**

ক) ৭ খ) ১০
গ) ২৩ ঘ) ২৭

**২৮. ISO-এর মান নিয়ন্ত্রণের ক্ষেত্র হলো—**

i. ভোগ্যপণ্যের পুষ্টিমান
ii. কাঁচামাল মিশ্রণের অনুপাত
iii. সরবরাহকারীদের সাথে সম্পর্ক

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৯. সমুদ্র হতে ঝিনুক সংগ্রহ কোন শিল্পের অন্তর্গত?**

ক) প্রজনন খ) কৃষি
গ) নিষ্কাশন ঘ) প্রক্রিয়াজাতকরণ

**৩০. পরিবহন পণ্যের কোন প্রতিবন্ধকতা দূর করে?**

ক) স্থানগত খ) কালগত
গ) সময়গত ঘ) রূপগত

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

teachingbd24.com